# গণবিজ্ঞপ্তি

**পবিত্র ইদ-উল-ফিতর উপলক্ষ্যে নৌযানে যাতায়াতকালে একবার ব্যবহার্য প্লাস্টিক/পলিথিন পরিবহণ ও ব্যবহার নিরুৎসাহিত করা হচ্ছে**

- দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দ্রুত নগরায়নের ফলে ব্যবহৃত প্লাস্টিকের মারাত্মক দূষণ হতে পরিবেশ সংরক্ষণ, প্রতিবেশ ও জীববৈচিত্র রক্ষায় বাংলাদেশ সরকার ২০০২ সালে পলিথিন শপিং ব্যাগ ব্যবহার, উৎপাদন ও বাজারজাতকরণ নিষিদ্ধ করেছে। এছাড়া সিঙ্গেল ইউজ প্লাস্টিক বন্ধ করার লক্ষ্যে সরকার কর্তৃক ১৭টি বস্তু/সামগ্রী/পদার্থকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক হিসেবে নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

- জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের তৈজষপত্র/কাটলারি (যেমন: প্লাস্টিকের চামচ, কাঁটা চামচ, ছুরি, প্লেট, কাপ, গ্লাস ইত্যাদি), বিভিন্ন পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের মিনি প্যাকেট/সৌখিন ধারক (যেমন: চিপসের প্যাকেট, বিস্কিটের প্যাকেট, চানাচুরের প্যাকেট ইত্যাদি), স্টাইরোফোমের খাবার মোড়ক/ধারক, পাতলা প্লাস্টিকের আবরণযুক্ত ফাস্টফুডের প্যাকেট ইত্যাদিকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক হিসেবে নির্ধারণ করা হয়েছে।

- পলিথিন ও প্লাস্টিকের কারণে নদী দূষণ রোধে পবিত্র ইদ-উল-ফিতর উপলক্ষ্যে নৌযানের যাত্রীদেরকে উল্লিখিত একবার ব্যবহার্য প্লাস্টিক/পলিথিনের তৈরি ব্যাগ, প্যাকেট বা পণ্য ইত্যাদি পরিবহণ ও ব্যবহার না করার জন্য অনুরোধ করা হলো।

- এছাড়া সকল ব্যবসায়ী/ লঞ্চ মালিক/ লঞ্চ কর্তৃপক্ষ/ লঞ্চ স্টাফ-কেও পবিত্র ইদ-উল-ফিতর উপলক্ষ্যে নৌযানে একবার ব্যবহার্য প্লাস্টিক/পলিথিনের তৈরি ব্যাগ, প্যাকেট বা পণ্য ইত্যাদি পরিবহণ বন্ধ করা এবং যাত্রীদেরকে এ সকল পণ্য প্রদান/সরবরাহ না করার জন্য অনুরোধ করা হলো।

সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করি
নদী দূষণ রোধ করে জলজ জীববৈচিত্র রক্ষা করি।

পরিবেশ অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়